

তথ্য অধিকার আইন ২০০৯ এর ধারা-৬ অনুযায়ী ডাক অধিদপ্তরের প্রদান বাধ্যতামূলক নয় এমন তথ্য:

১। কোন তথ্য প্রকাশের ফলে বাংলাদেশের নিরাপত্তা, অখন্ডতা ও সার্বভৌমত্বের প্রতি হুমকি হতে পারে এরূপ তথ্য।

২। নোট, নোটশীটের কপি, ছায়ালিপি, অনুলিপি, প্রতিলিপি ইত্যাদির কপি।

৩। রেকর্ড, রুলস, রেগুলেশন, চুক্তিপত্র ইত্যাদির কপি।

৪। কোন তথ্য প্রকাশের ফলে কোন তৃতীয় পক্ষের বুদ্ধিভিত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হতে পারে এরূপ বাণিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত গোপনীয়তা বিষয়ক, কপিরাইট বা বুদ্ধিভিত্তিক সম্পদ (Intellectual Property Rights) সম্পর্কিত তথ্য।

৫। কোন তথ্য প্রকাশের ফলে জনগণের নিরাপত্তা বিঘ্নিত হতে পারে বা বিচারাধীন মামলার সুষ্ঠু বিচার কার্য ব্যাহত হতে পারে এরূপ তথ্য ও কোন তথ্য প্রকাশের ফলে প্রচলিত আইনের প্রয়োগ বাধাগ্রস্ত হতে পারে বা অপরাধ বৃদ্ধি পেতে পারে এরূপ তথ্য।

৬। কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ণ হতে পারে এরূপ তথ্য।

৭। কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির জীবন বা শারীরিক নিরাপত্তা বিপদাপন্ন হতে পারে এরূপ তথ্য।

৮। আদালতে বিচারাধীন কোন বিষয় এবং যা প্রকাশে আদালত বা ট্রাইব্যুনালে নিষেধাজ্ঞা রয়েছে অথবা যাহার প্রকাশ আদালত অবমাননার শামিল এরূপ তথ্য।

৯। তদন্তাধীন কোন বিষয় যার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটাতে পারে এরূপ তথ্যাদি।

১০। আইন অনুসারে কেবল একটি নির্দিষ্ট সময়ের জন্য প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে এরূপ তথ্য।

১১। কোন ক্রয় কার্যক্রম সম্পূর্ণ হবার পূর্বে বা উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা ক্রয় কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য।

১২। জাতীয় সংসদের বিশেষ অধিকার হানির কারণ হতে পারে এরূপ তথ্য।

১৩। কোন ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপন তথ্য, কোন শাখা হতে প্রাপ্ত গোপনীয় তথ্য এবং কোন আগাম তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্ত করতে পারে এরূপ তথ্য।

১৪। ডাকটিকিট প্রকাশের পূর্বে ফিলাটেলী তালিকাভুক্ত নকশাবিদগণ যে নকশাসমূহ প্রেরণ করেন সে সকল নকশাসমূহ জনগণের সামনে ডাকটিকিট প্রকাশ/অবমুক্ত হওয়ার পূর্বে উপস্থাপন করার ফলে বুদ্ধিবৃত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্ত হতে পারে সে জন্য ফিলাটেলী শাখা হতে এ ধরনের তথ্য প্রদান করা হয়না।



১৫। সহকারী নিয়ন্ত্রক (স্ট্যাম্পস), সহকারী নিয়ন্ত্রক (স্ট্যাম্পস) এর কার্যালয়, পুরাতন ডাক ভবন, ঢাকা হতে ডাকটিকিট সমূহ পরিবহণের জন্য বিভিন্ন ট্রেজারির উদ্দেশ্যে প্রেরিত ডাকটিকিট সমূহ কবে এবং কোন পথে বিভিন্ন ট্রেজারীতে পৌঁছে দেওয়া হবে সে বিষয়ে কোন তথ্য জনগণের নিকট সহজলভ্য করা হলে প্রচলিত আইনের প্রয়োগ বাধাগ্রস্ত বা ছিনতাই/ডাকাতি বেড়ে যেতে পারে সে জন্য সহকারী নিয়ন্ত্রক (স্ট্যাম্পস) এর কার্যালয়/অধিদপ্তর হতে উক্ত তথ্য প্রদান করা যাবে না।

১৬। নিয়োগ প্রক্রিয়া সমাপ্ত হওয়ার পূর্বে নিয়োগ সংক্রান্ত তথ্য-যেমন: প্রশ্ন কিভাবে করা হয়, কে কে করেন, কিভাবে ছাপা হয় ইত্যাদি এবং পদোন্নতি নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষায় প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য।

১৭। কোন কর্মকর্তার গোপনীয় প্রতিবেদনের যে কোন তথ্য এবং কোন কর্মকর্তার বদলি/সংযুক্তি বিষয়ে ব্যক্তি আবেদনের উপর উর্ধ্বতন কর্তৃপক্ষের মতামত সংক্রান্ত তথ্য।

১৮। প্রধানমন্ত্রী/মন্ত্রীর প্রতিশ্রুতির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের পূর্বে প্রকাশযোগ্য নয়, জাতীয় সংসদে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মন্ত্রীর প্রশ্নোত্তর সংসদে উত্থাপনের পূর্বে প্রকাশযোগ্য নয় এবং জাতীয় সংসদে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রশ্নের জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশ্নোত্তর সংসদে উত্থাপনের পূর্বে প্রকাশযোগ্য নয়।

১৯। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সংসদীয় স্থায়ী কমিটি'র প্রতিবেদন কমিটি'র সভায় উত্থাপনের পূর্বে প্রকাশযোগ্য নয়, মন্ত্রিপরিষদ বা ক্ষেত্রমত, উপদেষ্টা পরিষদের বৈঠকে উপস্থাপনীয় সারসংক্ষেপ সহ আনুষঙ্গিক দলিলাদি এবং আলোচনা ও সিদ্ধান্ত প্রদান বাধ্যতামূলক নয়।

২০। ইউ পি ইউ ভুক্ত দেশ সমূহ/ আন্তর্জাতিক ডাক সংস্থা/আঞ্চলিক ডাক সংস্থা সমূহের সাথে বিদ্যমান সম্পর্ক ক্ষুণ্ণ হতে পারে এরূপ তথ্য, ইউপিইউ ভুক্ত দেশ সমূহ/ আন্তর্জাতিক ডাক সংস্থা/আঞ্চলিক ডাকসংস্থা সমূহের নিকট হতে প্রাপ্ত কোন গোপনীয় তথ্য।

২১। ডাকঘর সঞ্চয় ব্যাংকের রেট/হার এর পরিমাণ, বিধিবিধান, উৎসে কর কর্তনের পরিমাণ সংক্রান্ত কোন আগাম তথ্য প্রেরণ করা যাবেনা এবং সঞ্চয় ব্যাংক ও সঞ্চয় পত্রের বিষয়ে কোন ব্যক্তির অভিযোগের প্রেক্ষিতে চলমান কার্যক্রম সম্পন্ন হবার পূর্বে বা উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা উহার কার্যক্রম সংক্রান্ত যে কোন তথ্য। ডাকঘর সঞ্চয় ব্যাংকের পরিচালনা ও তদারকি সংক্রান্ত আগাম তথ্য।

২২। তদন্তাধীন কোন বিষয় যাহার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটতে পারে এরূপ তথ্য, কোন অপরাধের তদন্ত প্রক্রিয়া এবং অপরাধীর গ্রেফতার ও শাস্তিকে প্রভাবিত করিতে পারে এইরূপ তথ্য।

২৩। কর্মচারীদের বেতন বিলের কপি এবং জিপিএফ এর স্থিতি সংক্রান্ত তথ্য।

২৪। ফরমস, বুকলেট, বিশেষায়িত প্যাকেট এর চাহিদা ও মুদ্রণ সংক্রান্ত তথ্য এবং বর্ষটাইপ ও সীলমোহর তৈরি ও সরবরাহ সংক্রান্ত তথ্য প্রদান জনসাধারণের জন্য বাধ্যতামূলক নয়।

২৫। যে কোন গবেষণালব্ধ অগ্রিম তথ্যাদি।

২৬। যোগ্য কর্তৃপক্ষের চাহিদা ব্যতিরেকে তথ্য প্রদান করা যাবেনা।

*Handwritten signature*

২৭। জনগণের সাথে সম্পৃক্ত নয় এমন তথ্য।

২৮। (ক) এই আইনে যাহা কিছুই থাকুক না কেন, তফসিলে উল্লিখিত রাষ্ট্রীয় নিরাপত্তা ও গোয়েন্দা কার্যে নিয়োজিত সংস্থা বা প্রতিষ্ঠানের ক্ষেত্রে এই আইন প্রযোজ্য হবে না।

(খ) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কে, উক্ত সংস্থা বা প্রতিষ্ঠানের কোন তথ্য দুর্নীতি বা মানবাধিকার লংঘনের ঘটনার সাথে জড়িত থাকিলে উক্ত ক্ষেত্রে এই ধারা প্রযোজ্য হবে না।

০০০০